

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৩২

তেলিয়ামুড়া, ৩০ জানুয়ারি, ২০২৪

তেলিয়ামুড়ায় পথ নাটক সপ্তাহ উদযাপন

পথ নাটক সপ্তাহ উদযাপন উপলক্ষে তেলিয়ামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি মহকুমার বিভিন্ন স্থানে পথ নাটক অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে মুঙ্গিয়াকামী ব্লকের মুঙ্গিয়াকামী বাজার, কল্যাণপুর ব্লকের কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, তেলিয়ামুড়া ব্লকের করইলং দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, মোহরছড়া বাজার, তেলিয়ামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং অম্পি চৌমুহনি এলাকায় নেশা বিরোধী বিষয়ের উপর নাটক মঞ্চস্থ করা হয়। নাটকগুলি মঞ্চস্থ করে তেলিয়ামুড়া মহকুমা কালচারাল সেলের শিল্পী সহ মুঙ্গিয়াকামী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ।

\*\*\*\*\*